



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয় কর্তৃক জনাব মোঃ আবুল কালাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) নিয়োগ পরীক্ষায় খাতা টেম্পারিং করা, (২) ফেক স্টে-অর্ডার দিয়ে বেতন ছাড়করণ, (৩) ডিআইএ রিপোর্টে চাকুরী অবৈধ ঘোষণা এবং মন্ত্রণালয়ের অর্ডারে তার চাকুরীর টাকা ফেরত প্রদানের নির্দেশ, (৪) শিক্ষকদের মধ্যে দলাদলি সৃষ্টি করা, (৫) বিদ্যালয়ের শিক্ষক জনাব সাকির আহমেদ-কে মারধর করা, (৬) প্রতিষ্ঠানের প্রধানের পদ নিয়ে জটিলতা সৃষ্টি করা, (৭) শিক্ষকদের নিয়ে প্রেস ক্লাবে মিটিং মিছিল করানো, (৮) নিজেই রিট পিটিশন করে তা প্রত্যাহার করা ইত্যাদি বিষয়ে অভিযোগের কারণে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ এবং দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : সভাপতি, গভর্নিংবডি

মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়  
পল্লবী, মিরপুর, ঢাকা।

মেমো নং- ১১২৪ (২)

তারিখ : ২৯/১১/১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৭। মোঃ আবুল কালাম, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

*১১২৪/২৪/১৮*  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

*১১২৪/২৪/১৮*